



দুই পক্ষ এক হয়েছে, পরিষ্কার গোয়েন্দা তথ্য আছে: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

শ্রমিক অসন্তোষ সৃষ্টির পেছনে দুই পক্ষের যোগসাজশ রয়েছে বলে দাবি করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এ বিষয়ে সরকারের কাছে পরিষ্কার গোয়েন্দা তথ্য রয়েছে বলেও জানিয়েছেন তিনি।

মঙ্গলবার (২০ অক্টোবর) রাজশাহীর ঐতিহাসিক মাদ্রাসা মাঠে আয়োজিত এক অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, পলাতক স্বৈরাচার কর্মক্ষেত্র ও কলকারখানায় শ্রমিক অসন্তোষ তৈরিতে অর্থায়ন করছে। নির্বাচনের আগে জনগণের কাছে বিভিন্ন 'টিকিট' বিক্রির চেষ্টা করা কয়েকটি দলও এ ষড়যন্ত্রে যুক্ত হয়েছে।

তিনি বলেন, এক পক্ষ সীমান্তের ওপার থেকে টাকা দিচ্ছে, আরেক পক্ষ দেশে অস্থিতিশীল পরিস্থিতি তৈরির চেষ্টা করছে। এ বিষয়ে সরকারের কাছে পরিষ্কার গোয়েন্দা তথ্য রয়েছে। প্রধানমন্ত্রী বলেন, সরকার দেশে স্থিতিশীলতা ফিরিয়ে আনা, জননিরাপত্তা জোরদার, বন্ধ কারখানা চালু, কৃষকদের স্বাবলম্বী করা এবং শ্রমিকদের দক্ষতা বাড়ানোর মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টিতে কাজ করছে। একই সঙ্গে দেশের ভেতরে ও বিদেশে কর্মসংস্থানের সুযোগ বাড়ানোর উদ্যোগ নেওয়া হয়েছে।

তবে এসব উদ্যোগ বাধাগ্রস্ত করতে কিছু রাজনৈতিক গোষ্ঠী রাজপথে বিশৃঙ্খলা সৃষ্টি করে পরিস্থিতি অস্থিতিশীল করার চেষ্টা করছে বলে অভিযোগ করেন তিনি।

তারেক রহমান বলেন, জিয়াউর রহমান ও খালেদা জিয়ার শাসনামলেও উন্নয়নমূলক উদ্যোগের সময় ষড়যন্ত্রের চেষ্টা হয়েছিল। বর্তমানেও একই ধরনের তৎপরতা দেখা যাচ্ছে।